স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

বাংলা (CBCS)

সেমেস্টার : ৩ কোর্স : CC-6

(ছন্দ-অলংকার)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

**প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত**

একক-১

১। বাংলা ছন্দে বিভিন্ন প্রকার যতি কীভাবে ব্যবহৃত হয় উদাহরণসহ তার পরিচয় দাও। ১৫

অথবা

২। উপযুক্ত উদাহরণসহ কলাবৃত্ত রীতির বৈশিষ্ট্য ও বৈচিত্র্যের পরিচয় দাও। ১৫

অথবা

৩। দলবৃত্ত রীতির ছন্দে মাত্রা নির্ণয় কীভাবে হয় দেখাও এবং এই ছন্দে রচিত পয়ার ও মহাপয়ারের পরিচয় দাও। ১৫

একক-২

৪। উদাহরণসহ বাংলা ছন্দের একপদী, দ্বিপদী, ত্রিপদী ও চৌপদীর পরিচয় দাও। ১৫

অথবা

৫। সংস্কৃত তূণক, ভুজঙ্গপ্রয়াত ও মন্দাক্রান্তা –এই তিনটি ছন্দ বাংলা কবিতায় কীভাবে ব্যবহৃত হয়েছে উদাহরণসহ দেখাও। ১৫

৬। যে-কোনো দুটি পদ্যাংশের ছন্দোলিপি প্রস্তুত করো : ২×৫= ১০

(ক) বরষার নির্ঝরে অঙ্কিত কায়
দুই তীরে গিরিমালা কতদূর যায়।
স্থির তারা নিশিদিন তবু যেন চলে
চলা যেন বাঁধা আছে অচল শিকলে।

(খ) কেশে আমার পাক ধরেছে বটে
তাহার পানে নজর এত কেন।
পাড়ার যত ছেলে এবং বুড়ো
সবার আমি একবয়সী জেনো।

(গ) তুমি যদি ছাতা হতে কী করিতে দাদা ?

মাথা কয়, বুঝিতাম মাথার মর্যাদা,

বুঝিতাম তার গুণে পরিপূর্ণ ধরা,

মোর একমাত্র গুণ তারে রক্ষা করা।

একক-৩

৭। উদাহরণসহ যে-কোনো দু-জোড়া অলংকারের তুলনা করো : ২×৬=১২

(ক) সাঙ্গরূপক আর পরম্পরিত রূপক (খ) মালারূপক আর মালোপমা

(গ) বক্রোক্তি আর শ্লেষ (ঘ) লুপ্তোপমা আর অতিশয়োক্তি

৮। যে-কোনো দুটি দৃষ্টান্তের অলংকার নির্ণয় করো : ২×৪=৮

(ক) তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার ম্লান চোখ মনে আসে।

(খ) অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে ?

(গ) পদব্রজে যাওয়াটা তার পদের পক্ষে বিপদজনক।

(ঘ) কখন বাদল ছোঁওয়া লেগে

ঘাসে ঘাসে ঢাকে মাটি সবুজ মেঘে মেঘে।

(ঙ) গোলাপ ফোটে না আর –

গোলাপের বাস হেথা তবু ঘোরে নিশিদিন।

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা (CBCS)

সেমেস্টার : ৩ কোর্স : CC-7

(সাহিত্যের রূপ-রীতি ও পরিভাষা)

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৬০**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে**

**একক—১**

১। উদাহরণসহ মহাকাব্য অথবা গীতিকাব্যের বিষয় ও প্রকরণগত বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ১৫

২। ছোটোগল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে উপন্যাসের সঙ্গে ছোটোগল্পের পার্থক্য উদাহরণসহ আলোচনা করো। ৬+৯=১৫

৩। উদাহরণসহ সামাজিক অথবা আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করো। ১৫

**একক—২**

৪। 'পোয়েটিক ডিকশন' সম্পর্কে বিশদে আলোচনা করো। ১৫

৫। আখ্যানের 'পটভূমি' বা 'ব্যাকগ্রাউন্ড' বলতে কী বোঝ? আখ্যানের 'পটভূমি'-র আলোচনা কেন গুরুত্বপূর্ণ তা উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫+১০=১৫

৬। 'কোরাস' কী? নাট্যসাহিত্যে 'কোরাস'-এর বিবর্তন সম্বন্ধে সংক্ষেপে আলোকপাত করো। ৩+১২=১৫

**একক—৩**

৭। চিত্রকল্প কী? উদাহরণসহ কবিতা অথবা উপন্যাসে চিত্রকল্পের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। আখ্যানের 'প্লট' বলতে কী বোঝ? উদাহরণ সহযোগে প্লটের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো। ১৫

৯। 'কমিক রিলিফ' কী? নাট্যসাহিত্যে 'কমিক রিলিফ'-এর প্রয়োগ সম্বন্ধে আলোচনা করো। ১৫

১০। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X৫=১৫

ক। ট্র্যাজেডির নায়ক

খ। বস্তুনিষ্ঠ প্রবন্ধ

গ। উপন্যাসের প্লট

ঘ। এলিজি

ঙ। অবজেকটিভ কোরিলেটিভ

চ। ট্রান্সফারড এপিথেট

Undergraduate Exam, CBCS 2024

Bengali Sem 3

Generic Elective Course ( GEC 3)

বাংলাদেশের সাহিত্য

Time : 3 Hours

Full Marks 60

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৭ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

একক ১

১)বাংলাদেশের সাহিত্যে ভাষা আন্দোলনের প্রতিফলন কীভাবে ঘটেছে, তা আলোচনা করো। ১৫

২)মুক্তিযুদ্ধের ইতিহাস অবলম্বনে বাংলাদেশের যে- কোনো একটি উপন্যাসের বিশ্লেষণ করো। ১৫

একক ২

৩)মন্বন্তরের কথা 'সূর্য- দীঘল বাড়ী' উপন্যাসের প্রধান বিষয়। ব্যাখ্যা করো। ১৫

৪)'একটি তুলসীগাছের কাহিনী' , গল্পে তুলসী গাছটি কীভাবে গল্পের কেন্দ্রীয় প্রতীক হয়ে উঠেছে আলোচনা করো। ১৫

একক ৩

৫)শহীদ কাদরীর কবিতার সৌন্দর্য বিচার করো। ১৫

৬)'কবর'নাটকটি কেন গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয়েছে নিজের ভাষায় লেখো। ১৫

৭) টীকা লেখো ( যে -কোনো তিনটি): ৩×৫=১৫

ক) বঙ্গবন্ধু

খ) ভাষা আন্দোলনের শহীদ

গ) 'একটি তুলসীগাছের কাহিনী' গল্পে বামপন্থী মকসুদের পরিণাম

ঘ) 'আত্মজা ও একটি করবী গাছ' গল্পের বিষয়বস্তু

ঙ) সেলিনা হোসেনের ছোটোগল্প

চ) শামসুর রাহমানের কবিতা